

খুলনা শিপইয়ার্ড লিমিটেড

বাংলাদেশ নৌবাহিনী, খুলনা

নিয়োগ বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ নৌবাহিনী পরিচালিত খুলনা শিপইয়ার্ড লিমিটেডের জন্য নিম্নবর্ণিত পদে চুক্তিভিত্তিক হিসেবে নিয়োগের লক্ষ্যে উপযুক্ত প্রার্থীদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। বিস্তারিত বিবরণ প্রদান করা হলো :

পদের নাম	পদের সংখ্যা	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	বেতন	৩১/০৭/২০২৪ এ বয়স সীমা
সহকারী প্রকৌশলী (যান্ত্রিক) (চুক্তিভিত্তিক)	০১ (এক) টি	ক। স্বীকৃত কোন বিশ্ববিদ্যালয় হতে মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং বিষয়ে চার বছর মেয়াদী ডিগ্রী অথবা কারিগরী শিক্ষাবোর্ডের অধীন স্বীকৃত পলিটেকনিক হতে চার বছর মেয়াদী ডিপ্লোমা ইন মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং ডিগ্রী। খ। ডিপ্লোমা ডিগ্রীধারীদের ক্ষেত্রে শিপবিল্ডিং কাজে নূন্যতম ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা। গ। শিপবিল্ডিং কাজের বিওকিউ প্রস্তুত ও উহা এ্যানালাইসিস, কারিগরী বিনির্দেশ প্রস্তুত, প্রজেক্ট প্ল্যানিং, ওয়ার্ক সিডিউল, শ্রম ব্যবস্থাপনা এবং বাজেট প্রণয়ন সম্পর্কে অভিজ্ঞতা সম্পন্ন ব্যক্তিদের অগ্রাধিকার প্রদান করা হবে।	আলোচনা সাপেক্ষে	অনুর্ধ্ব ৩০ বছর

২। আগ্রহী প্রার্থীগণকে খুশিলি কর্তৃক নির্ধারিত আবেদন ফর্মে স্পষ্টাক্ষরে স্বহস্তে পূরণপূর্বক ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবর আবেদন করতে হবে। আবেদন ফর্ম খুশিলি ওয়েবসাইট www.khulnashipyard.com অথবা সরাসরি প্রশাসন দপ্তর হতে সংগ্রহ করা যাবে।

৩। বিশেষ অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীর ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।

৪। চাকুরীরত প্রার্থীদেরকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। আবেদনকারীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে।

৬। চাহিদাকৃত অভিজ্ঞতার যথাযথ সনদ ও প্রমাণক আবেদনের সাথে দাখিল ও পরবর্তীতে প্রদর্শন করতে হবে।

৭। খুশিলিতে চাকুরীরতদের অগ্রাধিকার দেয়া হবে।

৮। খুশিলিতে চাকুরীপ্রাপ্তদের জন্য নিম্নোক্ত সুযোগ - সুবিধাদি রয়েছে :

ক। যোগ্যতা অনুযায়ী স্থায়ী হওয়ার সুযোগ।

খ। নিয়মানুযায়ী দেশ ও বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা।

গ। নিয়মানুযায়ী ফেস্টিভাল বোনাস, নববর্ষ ভাতাসহ অন্যান্য ভাতা।

ঘ। নিয়মানুযায়ী খুশিলির অভ্যন্তরে পারিবারিক আবাসনের সুব্যবস্থা।

৯। আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতার সনদপত্র এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি, ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, খুলনা এর অনুকূলে টাকা ৩০০/- (তিনশত) এর ব্যাংক ড্রাফটসহ আবেদনপত্র আগামী ০৬ আগস্ট ২০২৪ এর মধ্যে ব্যবস্থাপনা পরিচালক, খুলনা শিপইয়ার্ড লিমিটেড, বাংলাদেশ নৌবাহিনী, খুলনা বরাবরে পৌঁছাতে হবে।

শেখ শাহ মশিউর রহমান

ম্যানেজার (এ্যাডমিন)

পক্ষে ব্যবস্থাপনা পরিচালক